

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
শেরপুর, বগুড়া।

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ উপজেলাধীন শেরপুর উপজেলার ভবানীপুর ইউনিয়ন ভূমি অফিস, শেরপুর, বগুড়া এর অধীন ভবানীপুর মৌজার ০১ নং খাস খতিয়ানের ২২৯ নং দাগে ইউনিয়ন ভূমি অফিস সংলগ্ন কাচারি পুকুরে উপরে পরা একটি বড় রেইনট্রি গাছের নিলাম ১২/১২/২০২৩ খ্রি. তারিখ (মঙ্গলবার) বিকাল ০৪.০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। নিলাম ডাকে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তিগণকে যথাসময়ে আবেদন ফরম সংগ্রহ পূর্বক উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া এর কার্যালয়ে মুখবন্ধ খামে আবেদন ফরম পূরণপূর্বক জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। নিলাম ডাক গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

আবেদন ক্রয়ের তারিখ	আবেদন ফি	জমা প্রদানের স্থান	জমা প্রদানের সময়	মন্তব্য
০৭/১২/২০২৩ খ্রি. তারিখ হতে ১১/১২/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত	৫০০/- টাকা (অফেরতযোগ্য)	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শেরপুর, বগুড়া	১২/১২/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ টা হতে ২.০০ টা পর্যন্ত	

শর্তাবলী:

- ১। যাহার ডাক গৃহীত হবে তাকে ডাকের টেবিলে সমুদয় অর্থ পরিশোধ করতে হবে। এছাড়া ১০% আয়কর, ১৫% মূল্য সংযোজন কর প্রদান করতে হবে। ব্যর্থতায় ডাকের টেবিলে জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ২। নিজ খরচায় নিলামকৃত গাছ কর্তন করতঃ অপসারণ করতে হবে।
- ৩। নিলামকৃত গাছ কর্তনের সময় আশে পাশে অবস্থিত কোন সম্পত্তি যাহাতে ক্ষতিগ্রস্ত না হয়, সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।
- ৪। কোন সরকারী/ব্যক্তিগত সম্পত্তি ক্ষতি করা হলে তার দায়-দায়িত্ব নিলাম ডাককারীকে বহন করতে হবে।
- ৫। অফিস কপি।

স্বাক্ষর

(এস. এম. রেজাউল করিম)
সহকারী কমিশনার (ভূমি)
শেরপুর, বগুড়া

ও

সদস্য সচিব
সরকারী গাছ নিলাম বিক্রয় কমিটি
শেরপুর, বগুড়া
তারিখ : ০৬/১২/২০২৩ খ্রি.

স্মারক নম্বর : ৩১.৫০.১০৮৮.০০০.০০৪.০০৪.২৩.১৭৯৫(৫)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শেরপুর থানা, শেরপুর, বগুড়া। (যথা সময়ে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের অনুরোধসহ)
- ৩। উপজেলা প্রকৌশলী, শেরপুর, বগুড়া।
- ৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ভবানীপুর ইউনিয়ন ভূমি অফিস, শেরপুর, বগুড়া। তাকে হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচার অন্তে নোটিশ জারি করার জন্য বলা হলো।

(এস. এম. রেজাউল করিম)
সহকারী কমিশনার (ভূমি)
শেরপুর, বগুড়া

ও

সদস্য সচিব
সরকারী গাছ নিলাম বিক্রয় কমিটি
শেরপুর, বগুড়া